

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

স্মারক নং-এলজিইডি/সিই/ই-৪৮/২০১৪/৯০০২

তারিখঃ ২৭/০৯/২০১৪ ইং

বিষয়ঃ এলজিইডি কর্তৃক সদ্য প্রণীত ওয়েববেইসড PMIS এ সকল স্তরের ১ম শ্রেণী কর্মকর্তার তথ্য প্রদান সংক্রান্ত।


উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি'র সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীর চাকুরি বিষয়ক বিভিন্ন তথ্য সমৃদ্ধ ওয়েববেইসড Personnel Management Information System (PMIS) তৈরীর উদ্যোগ নেওয়া হয়েছে। ইতিমধ্যে PMIS সফটওয়্যারটি তৈরী হয়েছে। এ অবস্থায় প্রাথমিক পর্যায়ে এলজিইডি'র সকল স্তরের ১ম শ্রেণী কর্মকর্তাদের তথ্য নিয়ে PMIS পরিচালনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ লক্ষ্যে এতদসংযুক্ত ম্যানুয়াল অনুযায়ী প্রত্যেক কর্মকর্তাকে তার নিজস্ব তথ্য সিস্টেমে Entry করার জন্য বলা হলো। তথ্য Entry করণে নিম্নলিখিত নির্দেশনাসমূহ অনুসরণ আবশ্যিক।

- (১) প্রত্যেক কর্মকর্তাকে system-এ রেজিস্ট্রেশনের জন্য সংযুক্ত ম্যানুয়াল অনুসারে আবেদন করতে হবে। আবেদনকারীর নিয়ন্ত্রণকারী কর্মকর্তা যাচাই করে তাঁকে system-এ রেজিস্ট্রেশনের অনুমোদন দিবেন। উপজেলা ও জেলা পর্যায়ের সকল কর্মকর্তার আবেদন জেলার নির্বাহী প্রকৌশলী অনুমোদন দিবেন। অন্যান্য দপ্তরের ক্ষেত্রে অফিস প্রধান তাঁর অধীনস্থ কর্মকর্তাগণের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা হিসেবে রেজিস্ট্রেশনের অনুমোদন দিবেন।
- (২) আবেদনকারীর রেজিস্ট্রেশনের অনুমোদনের জন্য নিয়ন্ত্রণকারী কর্মকর্তা (Office Admin) এর User ID ও পাসওয়ার্ড সদর দপ্তরের এমআইএস ইউনিট থেকে ই-মেইলের মাধ্যমে সরবরাহ করা হবে।
- (৩) প্রত্যেক কর্মকর্তা তাঁর নিজ দায়িত্বে সঠিক তথ্য সিস্টেমে প্রদান করবেন। ভুল তথ্য প্রদানে তাঁকে জবাবদিহিতার আওতায় আনা হবে।
- (৪) তথ্য প্রদানের ক্ষেত্রে নিজের নাম বাংলায় লেখা বাধ্যতামূলক এবং এক্ষেত্রে ইউনিকোড ফন্ট (নিকস/সোলাইমান লিপি) ব্যবহার করতে হবে।
- (৫) সদর দপ্তর পর্যায়ে যেসব কর্মকর্তা ইতিপূর্বে PMIS- এ তথ্য প্রদান করেছেন প্রয়োজনে তারা তাদের তথ্য হালনাগাদ করবেন এবং যেসব কর্মকর্তার PMIS- এ তথ্য প্রদান করা হয়নি তারা তথ্য প্রদান নিশ্চিত করবেন। সদর দপ্তরের সকল অফিস প্রধান তাঁর আওতাধীন সকল প্রথম শ্রেণী কর্মকর্তার System Generated Basic Report একত্রিত করে প্রশাসন শাখায় প্রেরণ করবেন।
- (৬) জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলী তাঁর জেলার আওতায় সকল প্রথম শ্রেণী কর্মকর্তার PMIS-এ তথ্য প্রদান নিশ্চিত করবেন এবং সকল কর্মকর্তার Basic Report সংগ্রহ করে সদর দপ্তরের প্রশাসন শাখায় প্রেরণ করবেন।
- (৭) বিভাগীয় অফিস/আঞ্চলিক অফিসের ক্ষেত্রে অফিস প্রধান তাঁর দপ্তরের সকল প্রথম শ্রেণী কর্মকর্তার PMIS-এ তথ্য প্রদান নিশ্চিত করবেন এবং সকল কর্মকর্তার Basic Report সদর দপ্তরের প্রশাসন শাখায় প্রেরণ করবেন।
- (৮) PMIS-এ তথ্য প্রদানের ক্ষেত্রে প্রয়োজনে সদর দপ্তরের এমআইএস ইউনিটের সিস্টেম এনালিষ্ট, জনাব প্রশান্ত কুমার কবিরাজ (মোবাইল- ০১৭১৭৭৩৬৫৭৪), সহকারী প্রকৌশলী, জনাব রকিবুল হাসান (মোবাইল-০১৭১৭৮১৩৯১৮) এবং ওয়েব প্রোগ্রামার, জনাব জিয়াউর রহমান (মোবাইল- ০১৮১৭০৪৬১৮৮) এর সাথে যোগাযোগ করা যাবে।

এমতাবস্থায়, বর্ণিত নির্দেশনা সমূহ অনুসরণ করে জরুরী ভিত্তিতে আগামী ২০ অক্টোবর ২০১৪ তারিখের মধ্যে সকল পর্যায়ের প্রথম শ্রেণী কর্মকর্তাদের PMIS-এ তথ্য প্রদান করে Basic Report প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

- (১) Office Admin এর ব্যবহার নির্দেশিকা
- (২) সকল User দের ব্যবহার নির্দেশিকা


(মোঃ ওয়াহিদুর রহমান)
প্রধান প্রকৌশলী

কার্যার্থেঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল)----- এলজিইডি, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) (-----ইউনিট/অঞ্চল), এলজিইডি-----।
- ৩। পরিচালক/প্রকল্প পরিচালক (সকল) -----প্রকল্প, সদর দপ্তর, ঢাকা।
- ৪। উপ-পরিচালক/উপ-প্রকল্প পরিচালক (সকল) -----প্রকল্প, সদর দপ্তর, ঢাকা।
- ৫। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জেলাঃ-----।
- ৬। নির্বাহী প্রকৌশলী ----- এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৭। প্রশিক্ষণ প্রকৌশলী-----।
- ৮। সিনিয়র সহকারী প্রকৌশলী, (সকল) এলজিইডি, -----।
- ৯। উপজেলা প্রকৌশলী (সকল) -----উপজেলা, জেলাঃ-----।
- ১০। সহকারী প্রকৌশলী (সকল)/উপজেলা সহঃ প্রকৌশলী (সকল) এলজিইডি।